# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

Website : www.bteb.gov.bd


স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.২৩.১২১ তারিখ: ১৫ মে, ২০২৩ খ্রি.

## ফলাফল প্রকাশ ও পুনঃনিরীক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জানুয়ারি-মার্চ, ২০২৩ মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এন্ড হসপিটালিটি এবং সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রমের পর্ব সমাপনী পরীক্ষার ফলাফল ১৫ মে, ২০২৩ খ্রি. তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) প্রকাশ করা হয়েছে। উক্ত পরীক্ষার ফলাফল পুনঃনিরীক্ষণের আবেদন করার নিয়ম নিম্নে দেয়া হলোঃ

**ক) তত্ত্বীয় পরীক্ষা উত্তরপত্র পুন:নিরীক্ষণ:** যে সকল পরীক্ষার্থী উক্ত ফলাফলে উত্তরপত্র পুনঃনিরীক্ষণ করতে ইচ্ছুক তাদেরকে নির্ধারিত ফি প্রদান করে **পরীক্ষার্থীর নিজ নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে আগামী ১৭-০৫-২০২৩ খ্রি: হতে ২৩-০৫-২০২৩ খ্রি: তারিখের মধ্যে** অনলাইনে আবেদন সম্পন্ন করতে হবে। ২৪-০৫-২০২৩ হতে ২৮-০৫-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত তথ্য এন্ট্রি করে **সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে** বিষয় প্রতি ৩০০ টাকা হারে পরিশোধ করে প্রেরিত পুনঃনিরীক্ষণের আবেদনের এন্ট্রিকৃত পরীক্ষার্থীদের ফাইনাল লিস্ট ২৯-০৫-২০২৩ হতে ৩১-০৫-২০২৩ খ্রি. তারিখের অনলাইন কপি প্রিন্ট করতে হবে। **পরীক্ষার্থীদের পুনঃনিরীক্ষণের অনলাইনে এন্ট্রিকৃত তথ্য** ফাইনাল লিস্টে না নিলে আবেদন সম্পন্ন হবেনা বিধায় **এ ধরনের আবেদন পুন:নিরীক্ষণের জন্য বিবেচনা করা হবেনা।**

**খ) CGPA এবং PC, PF সংক্রান্ত সংশোধন:**

(১) প্রকাশিত ফলাফলে ৮ম পর্ব (অনিয়মিত) পরীক্ষার্থীদের CGPA উল্লেখ না থাকলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে ঐসকল শিক্ষার্থীদের ১ম, ২য় ও ৩য় পর্বের GPA এবং টেবুলেশন সীট/ মার্ক সীটসহ ২৫-০৫-২০২৩ খ্রি. তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন বোর্ডের ডিপ্লোমা পরীক্ষা শাখায় সরাসরি জমা দিতে হবে।

(২) PF সংক্রান্ত সংশোধনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কেন্দ্রের মাধ্যমে উপযুক্ত প্রমাণকসহ (প্রদেয় PF নম্বর, হাজিরা সীট ইত্যাদিসহ) ২৫-০৫-২০২৩খ্রি. তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন বোর্ডের ডিপ্লোমা পরীক্ষা শাখায় সরাসরি জমা দিতে হবে।

**বি:দ্র: CGPA এবং PF সংক্রান্ত সংশোধনের জন্য আবেদনের সাথে প্রতিষ্ঠান জরিমানা প্রযোজ্য হবে।**

**গ) তত্ত্বীয় পরীক্ষার উত্তরপত্র পুন:নিরীক্ষণের জন্য প্রতিষ্ঠান কর্তৃক অনলাইনে আবেদনের তথ্য এন্ট্রির প্রক্রিয়া:**

www.bteb.gov.bd এর হোম পেইজে উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/ স্থগিত ফলাফল ➡ প্রতিষ্ঠান কোড ও পাসওয়ার্ড দিয়ে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের তথ্যসমূহ এন্ট্রি করতে হবে।

**ঘ) সোনালী সেবার মাধ্যমে পুনঃনিরীক্ষনের ফি জমা দেয়ার বিস্তারিত নিয়মাবলী নিম্নে Flow Chart এ উল্লেখ করা হলো:**

**ধাপ-০১** (Apply for Rescrutiny):

www.bteb.gov.bd ⇒ উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/ স্থগিত ফলাফল ⇒ ডিপ্লোমা পর্যায় ⇒ Diploma In Engineering Rescrutiny (Link 1, Link 2, Link 3)

| | |
|---|---|
| **Course Curriculum** | 15– Diploma In Engg. |
| **Exam Year** | 2022 |
| **Institution Code** | |
| **Password** | |
| **Login** | |

⇓

**Apply for Rescrutiny**

| SL NO | Roll No. | Fail Subject | |
|---|---|---|---|
| (1) | 940098 | 66751, 66752 | Apply for Rescrutiny |
| (2) | 940100 | 66753 | Apply for Rescrutiny |

**ধাপ-০২:** Preview: সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তাদের পুনঃনিরীক্ষণে আবেদনকৃত তথ্য Preview তে দেখতে পারবে এবং প্রয়োজনে Print করতে পারবে।

**ধাপ-০৩:** **Payment Summary** **[২৪-০৫-২০২৩ হতে ২৮-০৫-২০২৩ খ্রি. পর্যন্ত কাজ করবে ]**

[Payment Summary List]

| SL No | Semester/ Year | Amount | Comments |
|---|---|---|---|
| 1. | 4th Semester | 900 | |
| | Total | 900 | |

Click for Online Payment

**ধাপ-০৪:** Sonali Payment Gateway এর মাধ্যমে সোনালী ব্যাংক একাউন্ট অথবা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস এর মাধ্যমে পুনঃনিরীক্ষণের ফি প্রদান করতে হবে।

**ধাপ-০৫:** Final List & Print: **২৯-০৫**-২০২৩ খ্রি: হতে **৩১-০৫**-২০২৩ খ্রি: তারিখে Final List প্রিন্ট করে প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

**৬) প্রতিষ্ঠানের জন্য করনীয়:**

(১) প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের আবেদন ও প্রয়োজনীয় ফি সরাসরি/ ভার্চুয়াল মাধ্যমে গ্রহণ করবে।

(৩) প্রাপ্ত আবেদনের তথ্য ও ফি উপরিউল্লিখিত নির্দেশনা অনুসরণ পূর্বক প্রতিষ্ঠান কর্তৃক www.bteb.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে এন্ট্রি ও পরিশোধ করবে।

(৫) পুন:নিরীক্ষণের তথ্যসমূহ, Final List ও ফি পরিশোধের সকল হার্ডকপি ডাকযোগে/ কুরিয়ার সার্ভিসে/ বাহক মারফত ০৫-০৬-২০২৩ খ্রি: তারিখের মধ্যে বোর্ডে প্রেরণ করবে।

(৬) পুন:নিরীক্ষণের আবেদন প্রেরণ সংক্রান্ত যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বহন করবে।

[বিঃদ্রঃ-পুনঃনিরীক্ষণে আবেদনকারীদেরকে পরবর্তী পর্বে ফরম ফিলাপের যোগ্য হলে শুধুমাত্র নির্ধারিত ফি প্রদান করে ফরম ফিলাপের সুযোগ দেয়া হবে।]

স্বাঃ/-
**(মোঃ কেপায়েত উল্লাহ)**
পরীক্ষা নিয়ন্ত্রক

স্মারক নং : ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.২৩.১২১(১২)　　তারিখ : ১৫ মে, ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০। [দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৩. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট/বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি/বাংলাদেশ ইন্সটিটিউট অব্ গ্লাস এন্ড সিরামিক/ গ্রাফিক আর্টস ইন্সটিটিউট/বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট/ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইন্সটিটিউট/ফেনী কম্পিউটার ইন্সটিটিউট, ...........।
৫. অধ্যক্ষ/পরিচালক, .........................................................................................।
৬. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক - গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি Website -এ প্রকাশ করাসহ উল্লেখিত তারিখসমূহে Online কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
৮. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- বিতরণ/ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. নথি।

**১৫.০৫.২০২৩**
**(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোন : ০২-৫৫০০৬৫৩১